# প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর): আইএমইডি ০৪/২০২৪ (সংশোধিত)

প্রকল্পের নাম: বগুড়া জেলা প্রশাসকের কার্যালয় ও তৎসংলগ্ন এলাকায় করতোয়া নদী পুনঃখনন ও ডান তীরে স্লোপ প্রটেকশন কাজ (১ম সংশোধিত)।

প্রকল্পের মেয়াদকাল: নভেম্বর, ২০২৩ হতে জুন, ২০২৫।

বিভাগ : বগুড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বগুড়া।

সার্কেল : বগুড়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, বগুড়া।

জোন : উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

## প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর): আইএমইডি ০৪/২০২৪ (সংশোধিত)

### ক. প্রকল্পের বিবরণী:

| | | | |
|---|---|---|---|
| ০১. | প্রকল্পের নাম | : | বগুড়া জেলা প্রশাসকের কার্যালয় ও তৎসংলগ্ন এলাকায় করতোয়া নদী পুনঃখনন ও ডান তীরে স্লোপ প্রটেকশন কাজ (১ম সংশোধিত)। |
| ০২. | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ০৩. | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ০৪. | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/ বিভাগ | : | কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ। |
| ০৫. | প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি/সম্ভাব্যতা সমীক্ষা ) | : | বিনিয়োগ |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | প্রকল্পের অবস্থান (প্রকল্প দলিল অনুযায়ী) | : | |

| ক্রমিক | বিভাগ | জেলা | মহানগর/পৌরসভা/উপজেলা |
|---|---|---|---|
| ১। | রাজশাহী | বগুড়া | বগুড়া সদর, শাজাহানপুর। |

**০৭. প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়), বাস্তবায়নকাল এবং অনুমোদন:**

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | মেয়াদ ও ব্যয় হ্রাস/বৃদ্ধির কারণ | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি (বৈদেশিক মুদ্রা) | নিজস্ব অর্থায়ন | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| মূল | ৪৭১৩.০০ | ৪৭১৩.০০ (-) | - | নভেম্বর, ২০২৩ হতে জুন, ২০২৫ | ৩০-১০-২০২৩ | - | মাননীয় পরিকল্পনা মন্ত্রী |
| ১ম সংশোধন | ৪৭১০.৮৫ | ৪৭১০.৮৫ (-) | - | নভেম্বর, ২০২৩ হতে জুন, ২০২৫ | ১২-১২-২০২৪ | দরপত্র ও অন্যান্য খাত হতে টাকা সাশ্রয় হওয়ায় ১ম সংশোধিত ডিপিপি ব্যয় কিছুটা হ্রাস পেয়েছে। | মাননীয় উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয় |

০৮. **প্রকল্পের উদ্দেশ্য:**

৮.১ **সার্বিক:**

- ৭৩০ মিটার নদী স্লোপ প্রটেকশন কাজের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজকে রক্ষাকরণ;
- ২৮ কিঃমি করতোয়া নদী পুঃনখননের মাধ্যমে শহর অংশে করতোয়া নদী পুনরুজ্জীবিত করা;
- ২৮ কিঃমি করতোয়া নদী পুঃনখননের মাধ্যমে বগুড়া শহর অংশে অগ্নি নির্বাপনে পযার্প্ত পানি সরবরাহ নিশ্চিত করা;
- ২৭.০০ কিঃমিঃ খাল পুনঃখননে প্রকল্প এলাকার বন্যার পানি নিষ্কাশন ও বন্যা নিয়ন্ত্রণ;
- নদীর নাব্যতা ফিরিয়ে আনা;
- দখল ও দূষণ থেকে করতোয়া নদীকে রক্ষা করা;
- ভূগর্ভস্থ পানির পুনর্ভরণসহ সেচ সুবিধা বৃদ্ধির মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি করা;
- পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি ও দীর্ঘায়িত করে মৎস্য চাষের উন্নয়ন করা;

৮.২ **সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

(১) বগুড়া জেলার সদর উপজেলার ৭৩০ মিটার নদী স্লোপ প্রটেকশন কাজের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজকে রক্ষাকরণ;

(২) ২৮ কিঃমি করতোয়া নদী পুঃনখননের মাধ্যমে শহর অংশে করতোয়া নদী পুনরুজ্জীবিত করা; দখল ও দূষণ থেকে করতোয়া নদীকে রক্ষাকরা, বগুড়া শহর অংশে অগ্নি নির্বাপনে পযার্প্ত পানি সরবরাহ নিশ্চিত করা, ২৭.০০ কিঃমিঃ খাল পুনঃখননে প্রকল্প এলাকার বন্যার পানি নিষ্কাশন;

(৩) পানি ধারণ ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সেচ সুবিধা বৃদ্ধি ও মৎস্য চাষের উন্নয়ন সাধন।

০৯. **প্রকল্পের পটভূমি (সংক্ষিপ্ত):**

বগুড়া শহরের মধ্য দিয়ে প্রবাহিত করতোয়া নদী বর্তমানে মৃতপ্রায়। শহরাংশে দখল ও দূষণে নদীটি জর্জরিত। জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজ ইত্যাদি গুরুত্বপূর্ণ অবকাঠামোসমূহ করতোয়া নদীর ডান তীর ঘেষে অবস্থিত। নদীর স্লোপ প্রটেকশন কাজের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজকে করতোয়া নদীর ভাঙ্গন হতে রক্ষা এবং উক্ত অংশে ওয়াকওয়ে, সিঁড়ি, ছাতা, বসার বেঞ্চ নির্মাণ, ২৮.০০ কিঃমিঃ বগুড়া শহরাংশে করতোয়া নদী পুনঃখননের মাধ্যমে করতোয়া নদীর নাব্যতা ফিরিয়ে আনা, দখল ও দূষণমুক্তকরণ, ২৭.০০ কিঃমিঃ খাল পুনঃখননে প্রকল্প এলাকার বন্যার পানি নিষ্কাশন ইত্যাদি কাজ বাস্তবায়নের নিমিত্ত জেলা প্রশাসক, বাপা'র প্রতিনিধি, স্থানীয় জনগণ বিভিন্ন পর্যায়ের গণমান্য ব্যক্তিবর্গ বর্ণিত কাজসমূহ বাস্তবায়নের সুপারিশ করেছেন। সে মোতাবেক তাদের পরামর্শক্রমে বর্ণিত ডিপিপিটি প্রণয়ন করা হয়েছিল।

গত ২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বগুড়া জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ''বগুড়া জেলা প্রশাসকের কার্যালয় ও তৎসংলগ্ন এলাকায় করতোয়া নদী পুনঃখনন ও ডান তীরে স্লোপ প্রটেকশন কাজ'' শীর্ষক প্রকল্পের ডিপিপিতে করতোয়া নদীর ডান তীরে ৭৩০.০০ মিঃ স্লোপ প্রটেকশন কাজসহ ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্য বর্ধন কাজ, টিএমএসএস সংলগ্ন এলাকা, মাটিডালী হতে বনানী পর্যন্ত বগুড়া শহরাংশে দখল, দূষণ রোধ ও নিষ্কাশন সুবিধা বৃদ্ধিতে করতোয়া নদী ১৭.০০ কিঃমিঃ পুনঃখনন, বগুড়া শহর ও তৎসংলগ্ন এলাকার পানি নিষ্কাশনের নিমিত্ত করতোয়া নদীর শাখা সুবিল খাল (১৯.৫০ কিঃমিঃ) ও অটো খাল (৭.৫ কিঃমিঃ) পুনঃখনন কাজ অন্তর্ভূক্ত করে ডিপিপিটি অনুমোদিত হয়। পরবর্তীতে সাশ্রয়কৃত অর্থ দিয়ে করতোয়া নদীর অতিরিক্ত আরো ১১ কিঃমিঃ পুনঃখনন কাজ অন্তর্ভূক্ত করে বর্ণিত প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়।

১০. **প্রধান প্রধান কার্যক্রম:**

| ক্রঃ নং | প্রধান প্রধান অঙ্গসমূহ | মোট দৈর্ঘ্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | স্লোপ প্রটেকশন কাজ | ৭৩০ মিটার |
| ২. | খনন | ৫৫ কিলোমিটার |

১১. **প্রকল্প সংশোধনের কারণ (প্রযোজ্য ক্ষেত্রে):**

''বগুড়া জেলা প্রশাসকের কার্যালয় ও তৎসংলগ্ন এলাকায় করতোয়া নদী পুনঃখনন ও ডান তীরে স্লোপ প্রটেকশন কাজ'' শীর্ষক মূল প্রকল্পটি গত ৩০/১০/২০২৩ খ্রি. তারিখে অনুমোদিত হয়। পরিকল্পনা কমিশনের স্মারক নং - ২০.০০.০০০০.৩৫৮.১৪.০৮৪.২৩-১৩৪; তারিখঃ ০১/১১/২০২৩ খ্রিঃ মোতাবেক প্রকল্পটির জিও জারী করা হয় । পরবর্তীতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৪১.২৪.০৪৬.২১-১৫৭; তারিখ: ১২/১১/২০২৩ খ্রি. তারিখ মোতাবেক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন জারী করা হয় । প্রকল্পের মোট প্রাক্কলিত মূল ব্যয় ছিল ৪৭১৩.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল নভেম্বর/২০২৩ খ্রি. হতে জুন/২০২৫ খ্রি. পর্যন্ত। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং: ৪২.০০.০০০০.০৩৭.১৪.০০৪.২৩.১৯৪ তারিখ: ২০/১১/২০২৩ খ্রি: মোতাবেক প্রকল্পটির প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। পরবর্তীতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং: ৪২.০০.০০০০.০৪১.১৪.০৪৬.২১.১১০ তারিখ: ১২/১২/২০২৪ খ্রি: মোতাবেক বর্ণিত প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয় । অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি ব্যয় ৪৭১০.৮৫ লক্ষ টাকা এবং মেয়াদকাল নভেম্বর, ২০২৩ হতে জুন, ২০২৫ পর্যন্ত।

বগুড়া জেলার সদর উপজেলার ৭৩০ মিটার নদী স্লোপ প্রটেকশন কাজের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজকে রক্ষাকরণ। ২৮ কিঃমি করতোয়া নদী পুঃনখননের মাধ্যমে শহর অংশে করতোয়া নদী পুনরুজ্জীবিত করা; দখল ও দূষণ থেকে করতোয়া নদীকে রক্ষাকরা, বগুড়া শহর অংশে অগ্নি নির্বাপনে পযার্প্ত পানি সরবরাহ নিশ্চিত করা, ২৭.০০ কিঃমিঃ খাল পুনঃখননে প্রকল্প এলাকার বন্যার পানি নিষ্কাশন। পানি ধারণ ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সেচ সুবিধা বৃদ্ধি ও মৎস্য চাষের উন্নয়ন সাধন।

মূল ডিপিপিতে বগুড়া শহরাংশে করতোয়া নদীর ১৭ কি.মি. পুনঃখনন অন্তর্ভূক্ত থাকলেও পরবর্তীতে দরপত্র ও অন্যান্য বিষয় হতে প্রকল্পের সাশ্রয়কৃত অর্থ দ্বারা অতিরিক্ত ১১.০০ কি.মি. দৈর্ঘ্যে পুনঃখনন কাজসহ বগুড়া শহরাংশে মোট ২৮ কি:মি: করতোয়া নদী পুনঃখনন কাজ অন্তর্ভূক্ত করে নিম্নবর্ণিত কারণে ডিপিপির ১ম সংশোধন অনুমোদিত হয়।

ক) বগুড়া জেলার সদর উপজেলাধীন টিএমএসএস সংলগ্ন এলাকা প্রায়শই দখল ও দূষণে জর্জরিত থাকে এবং মামলা-মোকাদ্দমা অত্র দপ্তরকে নিত্ত-নৈমিত্তিকভাবে পরিচালনা করতে হয়। প্রকল্পের সাশ্রয়কৃত অর্থ দ্বারা টিএমএসএস সংলগ্ন এলাকায় খনন করতে পারলে উক্ত এলাকায় করতোয়া নদী দখল ও দূষণ করা সম্ভব হবে এবং নদীর পানি প্রবাহ বাঁধামুক্ত হবে, বিধায় ডিপিপি সংশোধন প্রয়োজন।

খ) গত ০৫/০৫/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা, ২৭/০৮/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভা, ২৯/০৮/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত বগুড়া জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা ও গত ২৫/০৯/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)-এর ২য় সভার সিদ্ধান্তে উল্লেখ রয়েছে যে,

"দখল ও দূষণ রোধে মোট প্রকল্প ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থেকে দরপত্র ও অন্যান্য বিষয় হতে প্রকল্পের সাশ্রয়কৃত অর্থ দ্বারা করতোয়া নদীর ১৭.০০ কি.মি. খননের শুরুর পয়েন্ট হতে উজানে টিএমএসএস সংলগ্ন এলাকায় করতোয়া নদীর সীমানা নির্ধারণ পূর্বক সার্ভে করে উক্ত খনন অঙ্গ অন্তর্ভূক্ত করে ডিপিপি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।"

বর্ণিত যৌক্তিকতা ও বিভিন্ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক মোট প্রকল্প ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থেকে দরপত্র ও অন্যান্য বিষয় হতে প্রকল্পের দখল, দূষণে জর্জরিত টিএমএসএস সংলগ্ন এলাকা করতোয়া নদীর অতিরিক্ত ১১.০০ কি.মি. দৈর্ঘ্যে পুনঃখনন কাজ অন্তর্ভূক্ত করে মোট ২৮ কিঃমিঃ করতোয়া নদী পুনঃখননসহ আরডিপিপিটি অনুমোদিত হয়েছে।

১২. **ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কারণ (প্রযোজ্য ক্ষেত্রে):** প্রযোজ্য নয়।

১৩. **প্রকল্পের অর্থায়ন (লক্ষ টাকায়):**

| উৎস / ধরন | জিওবি | নিজস্ব অর্থায়ন | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫)=(২+৩+৪) |
| বিনিয়োগ | - | - | - | - |
| ঋণ | - | - | - | - |
| ইক্যুইটি | - | - | - | - |
| অনুদান | ৪৭১০.৮৫ | - | - | ৪৭১০.৮৫ |
| অন্যান্য | - | - | - | - |
| মোট | ৪৭১০.৮৫ | - | - | ৪৭১০.৮৫ |

## খ. বাস্তবায়ন অবস্থা

**১৪. বাস্তবায়নকাল:**

| অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | মেয়াদ হ্রাস/বৃদ্ধি (মূল মেয়াদের %) | মন্তব্য |
|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| নভেম্বর, ২০২৩ হতে জুন, ২০২৫ | নভেম্বর, ২০২৩ হতে জুন, ২০২৫ | নভেম্বর, ২০২৩ হতে জুন, ২০২৫ | - | প্রকল্পের সকল কাজ নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা হয়েছে। |

**১৫. প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)**

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | ব্যয় হ্রাস/বৃদ্ধি (মূল ব্যয়ের %) | মন্তব্য |
|---|---|---|---|---|
| মূল | সংশোধিত প্রাক্কলিত ব্যয় (১ম সংশোধন) | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৭১৩.০০ | ৪৭১০.৮৫ | ৪৫০৩.৫৫ | (-) ৪.৪৪% | - |

**১৬. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্পের শুরু হতে ক্রমানুসারে):**

| নাম, আইডি, মূল পদবি, গ্রেড ও মোবাইল নম্বর | দায়িত্বের ধরণ | | একাধিক প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত (হ্যাঁ/না) | সময়কাল (তারিখ) | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | পূর্ণকালীন (হ্যাঁ/না) | অতিরিক্ত দায়িত্ব (হ্যাঁ/না) | | যোগদান | অবমুক্তি | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| মোঃ নাজমুল হক<br>আইডি নং: ৮৪১০০৩০০১<br>নির্বাহী প্রকৌশলী<br>৫ম গ্রেড (৪৩,০০০-৬৯,৮৫০)<br>দাপ্তরিক: ০১৩১৮-২৩৫২৩৪<br>ব্যক্তিগত: ০১৭৪৬-৯০৬৮৪১ | না | হ্যাঁ | না | ২০/১১/২০২৩ | অদ্যাবধি | |

**১৭. প্রকল্পের জনবলঃ**

(ক) প্রকল্প বাস্তবায়ন ইউনিটের জনবল: বগুড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বগুড়া এর জনবল দ্বারা প্রকল্প সকল কাজ বাস্তবায়ন করা হয়েছে। অতিরিক্ত জনবল নিয়োগ করা হয়নি।

(খ) প্রকল্প সমাপ্তির পর প্রয়োজনীয় জনবলের তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে): প্রযোজ্য নয়।

**১৮. প্রশিক্ষণ (স্থানীয়/বৈদেশিক):** অনুমোদিত ডিপিপিতে স্থানীয় /বৈদেশিক প্রশিক্ষণ অন্তর্ভূক্ত নেই।

১৯. অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অর্জন (প্রকল্প দলিল অনুযায়ী):

| অংগের নাম | একক | পরিমান | প্রাক্কলিত ব্যয় | | | | প্রকৃত অর্জন | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | জিওবি | নিজস্ব/ | অন্যান্য | মোট | জিওবি | নিজস্ব | অন্যান্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| **(ক) সরবরাহ ও সেবাঃ** | | | | | | | | | | |
| গ্যাস ও জ্বালানি | | থোক | ৫.০০ | ৫.০০ | ০.০০ | ০.০০ | ৪.২৪ | ৪.২৪ | - | - |
| পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | | থোক | ৮.০০ | ৮.০০ | ০.০০ | ০.০০ | ৬.৮৮ | ৬.৮৮ | - | - |
| মুদ্রণ ও বাঁধাই | | থোক | ১.০০ | ১.০০ | ০.০০ | ০.০০ | ০.৯৮ | ০.৯৮ | - | - |
| অন্যান্য মনিহারি | | থোক | ১.০০ | ১.০০ | ০.০০ | ০.০০ | ১.০০ | ১.০০ | - | - |
| প্রচার ও বিজ্ঞাপন | | থোক | ১.০০ | ১.০০ | ০.০০ | ০.০০ | ১.০০ | ১.০০ | - | - |
| জরিপ | | থোক | ২.০০ | ২.০০ | ০.০০ | ০.০০ | ২.০০ | ২.০০ | - | - |
| সম্মানী ভাতা (বিভিন্ন কমিটির জন্য) | | থোক | ৫.০০ | ৫.০০ | ০.০০ | ০.০০ | ৫.০০ | ৫.০০ | - | - |
| মটরযান মেরামত (বিদ্যমান যানবহন মেরামত-৪টি) | | ৪ টি | ৫.০০ | ৫.০০ | ০.০০ | ০.০০ | ৫.০০ | ৫.০০ | - | - |
| **উপমোট (রাজস্ব ব্যয়) =** | | | **২৮.০০** | **২৮.০০** | | | **২৬.১০** | **২৬.১০** | | |
| **(খ) মুলধন** | | | | | | | | | | |
| বৃক্ষ, শস্য ও উদ্ভিজ্জসম্পদ উৎপাদনকারী আবর্তক পণ্য (সবুজ বনায়ন) | টি | ১৫০০ | ১০.০০ | ১০.০০ | ০.০০ | ০.০০ | ৮.৯৯ | ৮.৯৯ | - | - |
| মটরযান (পিকআপ-১৮০০ সিসি (Carryboy)=১ টি (রেজিস্ট্রেশন ফি সহ) | টি | ১ | ৬৫.০০ | ৬৫.০০ | ০.০০ | ০.০০ | - | - | - | - |
| মটরযান (মটরসাইকেল-২টি ১২৫ সিসি (রেজিস্ট্রেশন ফি সহ) | টি | ২ | ৩.৪০ | ৩.৪০ | ০.০০ | ০.০০ | - | - | - | - |
| আসবাবপত্র | | থোক | ৫.৪৩ | ৫.৪৩ | | | ৫.৪৩ | ৫.৪৩ | - | - |
| **নির্মাণ ও পুর্ত কাজ:** | | | | | | | | | | |
| স্লোপ প্রটেকশন কাজ (কিঃমিঃ ৭৬.৭০০ হতে কিঃমিঃ ৭৭.৪৩০ পর্যন্ত) | কি. মি. | ০.৭৩ | ১০৫৮.৫৬ | ১০৫৮.৫৬ | ০.০০ | ০.০০ | ১০৫৮.২৪ | ১০৫৮.২৪ | - | - |
| ব্রীজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট ১৪টি। | টি | ১৪ | ৬২.৯৯ | ৬২.৯৯ | ০.০০ | ০.০০ | ৬২.৯৬ | ৬২.৯৬ | - | - |
| খনন (তেলিহারা হতে বনানী পর্যন্ত করতোয়া নদী পুন:খনন-২৮.০০ কিঃমিঃ, সুবিল খাল পুন:খনন-১৯.৫০০ কিঃমিঃ ও অটো খাল পুন:খনন-৭.৫০ কিঃমিঃ) | কি. মি. | ৫৫ | ৩০৯৩.২৮ | ৩০৯৩.২৮ | ০.০০ | ০.০০ | ২৯৭৪.২১ | ২৯৭৪.২১ | - | - |

| অংগের নাম | একক | পরিমান | প্রাক্কলিত ব্যয় | | | | প্রকৃত অর্জন | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | জিওবি | নিজস্ব/ | অন্যান্য | মোট | জিওবি | নিজস্ব | অন্যান্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| অন্যান্য ভবন ও স্থাপনা (Land Scaping - রেলিং সহ ওয়াকওয়ে-৭৩০.০০ মিঃ, সিঁড়ি-৫ টি, ছাতা-১৪ টি, বসার বেঞ্চ -১৪ টি নির্মাণ, উচ্ছেদ প্রভৃতি) | টি | ৩৪ | ৩৭৬.১৯ | ৩৭৬.১৯ | ০.০০ | ০.০০ | ৩৬৭.৬২ | ৩৬৭.৬২ | - | - |
| **উপমোট (মুলধন ব্যয়) =** | | | **৪৬৭৪.৮৫** | **৪৬৭৪.৮৫** | | | **৪৪৭৭.৪৫** | **৪৪৭৭.৪৫** | | |
| **মোট ব্যয় (রাজস্ব ও মুলধন) =** | | | **৪৭০২.৮৫** | **৪৭০২.৮৫** | | | **৪৫০৩.৫৫** | **৪৫০৩.৫৫** | | |
| **(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি** | | | ৪.০০ | ৪.০০ | - | - | - | - | - | - |
| **(ঘ) প্রাইস কনটিনজেন্সি** | | | ৪.০০ | ৪.০০ | - | - | - | - | - | - |
| **সর্বমোট প্রকল্প ব্যয় [(ক)+(খ)+(গ)+(ঘ)]=** | | | ৪৭১০.৮৫ | ৪৭১০.৮৫ | - | - | **৪৫০৩.৫৫** | **৪৫০৩.৫৫** | - | - |

**২০. যানবাহন ক্রয় সংক্রান্ত:** অনুমোদিত ডিপিপিতে যানবাহন ক্রয় অর্ন্তভূক্ত রয়েছে। তবে সরকারি নিষেধাজ্ঞা থাকায় ২০২৪-২৫ অর্থ বছরে সংশোধিত আরএডিপি বরাদ্দ হতে যানবহন ক্রয় সংত্রান্ত অর্থ বাদ রেখে অর্থ চাহিদা প্রেরণ করা হয়েছে এবং সে অনুযায়ী অর্থ ছাড় হয়েছে। অর্থাৎ কোন যানবাহন ক্রয় করা হয়নি।

**২১. প্রকল্পের পরামর্শক সংক্রান্ত (স্থানীয়/বৈদেশিক):** অনুমোদিত ডিপিপিতে প্রকল্পের পরামর্শক (স্থানীয়/বৈদেশিক) নিয়োগ অর্ন্তভূক্ত নেই।

**২২. অবকাঠামো ও যন্ত্রপাতি স্থাপন:** অনুমোদিত ডিপিপিতে অবকাঠামো ও যন্ত্রপাতি স্হাপন এর জন্য সংস্থান নেই।

**২৩. পণ্য, কার্য এ সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:**

**২৩.১ প্যাকেজসমূহের এর তথ্য:**

ক) প্রকল্প দলিল অনুযায়ী মোট প্যাকেজের সংখ্যা: ২০ টি; তার মধ্যে পণ্য ০৩ টি, কার্য ১৭ টি ও সেবা ০০ টি।

খ) ক্রয়কৃত মোট প্যাকেজের সংখ্যা: ১৮ টি; তার মধ্যে পণ্য ১ টি, কার্য ১৭ টি।

গ) কোন প্যাকেজের ক্রয় সম্পন্ন না হলে তার কারণ (যদি থাকে): সরকারি নিষেধাজ্ঞা থাকায় কোন যানবাহন ক্রয় করা হয়নি। এই প্যাকেজে ক্রয় সম্পন্ন হয়নি।

ঘ) যে সকল প্যাকেজের প্রাক্কলিত মুল্য প্রকল্পের মোট অনুমোদিত প্রাক্কলিত মূল্যের ১% এর বেশী তার সংখ্যা: ১৯ টি; তার মধ্যে কার্য ১৬ টি ও পণ্য ৩ টি।

**২৩.২ প্যাকেজ ভিত্তিক পণ্য, কার্য ও সেবা ক্রয়ের তথ্য:** সংযুক্তি -ক, সংযুক্তি -খ এবং সংযুক্তি-গ অনুযায়ী তথ্যাদি নিম্নরূপঃ

## গ. আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং অর্জন

২৪. **মূল এবং সর্বশেষ সংশোধিত প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা : (লক্ষ টাকায়)**

| অর্থ বছর | প্রকল্প সংশোধন | আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা (মূল প্রকল্প দলিল অনুযায়ী) | | | | আর্থিক ও বাস্তব অর্জন (সর্বশেষ সংশোধিত প্রকল্প দলিল অনুযায়ী) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন/ অন্যান্য | বাস্তব (%) | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন/ অন্যান্য | বাস্তব (%) |
| (১) | (২) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০২৩-২৪ | মূল/ সংশোধিত | ২০৫৮.০৫ (-) | ২০৫৮.০৫ (-) | - | ৪৩.৬৭% | ১৪৯৮.৫৪ (-) | ১৪৯৮.৫৪ (-) | - | ৫৫.৬০% |
| ২০২৪-২৫ | মূল/ সংশোধিত | ২৬৫৪.৯৫ (-) | ২৬৫৪.৯৫ (-) | - | ৫৬.৩৩% | ৩২১২.৩১ (-) | ৩২১২.৩১ (-) | - | ৪৪.৪০% |
| সর্বমোট= | **মূল/ সংশোধিত** | **৪৭১৩.০০ (-)** | **৪৭১৩.০০ (-)** | - | ১০০% | **৪৭১০.৮৫ (-)** | **৪৭১০.৮৫ (-)** | - | ১০০% |

২৫. **সংশোধিত এডিপি বরাদ্দ ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং আর্থিক ও বাস্তব অর্জন:** **(লক্ষ টাকায়)**

| অর্থবছর | সংশোধিত বরাদ্দ ও বাস্তব লক্ষ্যমাত্রা | | | | অর্থছাড় জিওবি | আর্থিক ও বাস্তব অর্জন | | | | অব্যয়িত ছাড়কৃত জিওবি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন | বাস্তব (%) | | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন | বাস্তব (%) | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ২০২৩-২৪ | ১৫০০.০০ | ১৫০০.০০ | - | ৩৩.১০ % | ১৪৯৮.৬০ | ১৪৯৮.৫৪ | ১৪৯৮.৫৪ | - | ৫৫.৬০ % | ০.০৬ |
| ২০২৪-২৫ | ৩০৩২.০০ | ৩০৩২.০০ | - | ৬৬.৯০ % | ৩০৩০.৪০ | ৩০০৫.০০ | ৩০০৫.০০ | - | ৪৪.৪০% | ২৫.৪০ |
| সর্বমোট= | ৪৫৩২.০০ | ৪৫৩২.০০ | - | ১০০% | ৪৫২৯.০০ | ৪৫০৩.৫৪ | ৪৫০৩.৫৪ | - | ১০০% | ২৫.৪৬ |

## ঘ. প্রকল্পের উদ্দেশ্য অর্জন

২৬. **প্রকল্পের উদ্দেশ্য, প্রকৃত অর্জন ও উদ্দেশ্য অর্জনে ঘাটতির কারণ (যদি থাকে):**

| প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য | প্রকৃত অর্জন | অর্জনে ঘাটতি থাকলে তার কারণ |
|---|---|---|
| (১) ৭৩০ মিটার নদী স্লোপ প্রটেকশন কাজের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজকে রক্ষাকরণ। | (১) ৭৩০ মিটার নদী স্লোপ প্রটেকশন কাজের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজকে রক্ষা করা হয়েছে। | ঘাটতি নেই। |
| (২) ২৮ কিঃমি করতোয়া নদী পুনঃখননের মাধ্যমে শহর অংশে করতোয়া নদী পুনরুজ্জীবিত করা এবং শহর অংশে অগ্নি নির্বাপনে পর্যাপ্ত পানি সরবরাহ নিশ্চিত করা। | (২) ২৮ কিঃমি করতোয়া নদী পুঃনখননের মাধ্যমে শহর অংশে করতোয়া নদী পুনরুজ্জীবিত এবং শহর অংশে অগ্নি নির্বাপনে পর্যাপ্ত পানি সরবরাহ নিশ্চিত করা করা হয়েছে। | ঘাটতি নেই। |
| (৩) ২৭.০০ কিঃমিঃ খাল পুনঃখননে প্রকল্প এলাকার বন্যার পানি নিষ্কাশন ও বন্যা নিয়ন্ত্রণ। | (৩) ২৭.০০ কিঃমিঃ খাল পুনঃখননে প্রকল্প এলাকার বন্যার পানি নিষ্কাশন ও বন্যা নিয়ন্ত্রণ করা হয়েছে। | ঘাটতি নেই। |
| (৪) নদীর নাব্যতা ফিরিয়ে আনা; | (৪) শহরাংশে নদীর নাব্যতা ফিরিয়ে আনা সম্ভব হয়েছে। | ঘাটতি নেই। |
| (৫) দখল ও দূষণ থেকে করতোয়া নদীকে রক্ষা করা; | (৫) দখল ও দুষণ থেকে করতোয়া নদীকে রক্ষা করা সম্ভব হয়েছে। | ঘাটতি নেই। |
| (৬) ভূগর্ভস্থ পানির পুনর্ভরণসহ সেচ সুবিধা বৃদ্ধির মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি করা; | (৬) ভূগর্ভস্থ পানির পুনর্ভরণসহ সেচ সুবিধা বৃদ্ধির মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে। | ঘাটতি নেই। |
| (৭) পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি ও দীর্ঘায়িত করে মৎস্য চাষের উন্নয়ন করা; | (৭) পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি ও দীর্ঘায়িত করে মৎস্য চাষের উন্নয়ন করা সম্ভব হয়েছে। | ঘাটতি নেই। |

## ঙ. বেনিফিট বিশ্লেষণ

**২৭. বার্ষিক আউটপুট:**

| আউটপুটসমূহ | একক | প্রত্যাশিত উৎপাদনের পরিমাণ (পূর্ণ মাত্রায় কার্যকর হলে) | পূর্ণমাত্রায় কার্যকর হবার পর ১ম বছরের প্রকৃত উৎপাদনের পরিমাণ |
|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া। | সংখ্যা | ১ | ১ |
| জেলা কারাগার, বগুড়া। | কিঃমিঃ | ১ | ১ |
| জেলা প্রশাসকের বাংলো। | সংখ্যা | ১ | ১ |
| বগুড়া মহিলা মহাবিদ্যালয়। | সংখ্যা | ১ | ১ |
| স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ভবন। | সংখ্যা | ১ | ১ |
| অফিসার্স টেনিস কোর্ট। | সংখ্যা | ১ | ১ |
| ব্রীজ/কালভার্ট। | সংখ্যা | ১৪ | ১৪ |
| ঘরবাড়ী। | সংখ্যা | ৫ | ৫ |
| বৈদ্যুতিক পোল। | সংখ্যা | ৫ | ৫ |
| ফসল। | বর্গকিঃমিঃ | ১৬৫ | ১৬৫ |

**২৮. কস্ট বেনিফিট:**

| বিবরণ | প্রাক্কলিত | প্রকৃত |
|---|---|---|
| (১) প্রকল্পের বেনিফিট কস্ট - এর অনুপাত<br>(ক) আর্থিক<br>(খ) অর্থনৈতিক<br>(২) ইনটারনাল রেট অব রিটার্ন<br>(ক) আর্থিক<br>(খ) অর্থনৈতিক | ২.০২:১<br><br>৩১.৩৮% | It will be evaluated later by concern directorate of BWDB & IMED. |

**২৯. প্রকল্পের প্রত্যাশিত ও প্রকৃত বেনিফিটের মধ্যে কোন ঘাটতি থাকলে তার কারণ উল্লেখ করুন:** প্রকল্পের প্রত্যাশিত ও প্রকৃত বেনিফিটের মধ্যে কোন ঘাটতি নেই।

## চ. পরিবীক্ষণ ও নিরীক্ষণ

**৩০. প্রকল্প বাস্তবায়নকালের পরিবীক্ষণ সংক্রান্ত:**

| পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিবীক্ষণের তারিখ | উল্লেখযোগ্য সমস্যা | সুপারিশসমূহ | সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| জনাব ড.আ.ন.ম. বজলুর রশীদ<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)<br>পানি সম্পদ মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | ২৬/০৩/২০২৫ | নাই | ১/ ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে চলমান প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। ২/ টিএমএসএস গ্লাস ফ্যাক্টরি সংলগ্ন এলাকায় করতোয়া নদীতে ডাম্পিংকৃত ময়লা-আবর্জনা অতিদ্রুত অপসারণ করার নিমিত্ত টিএমএসএস ও পৌরসভার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সুপারিশসমূহের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। |

| পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিবীক্ষণের তারিখ | উল্লেখযোগ্য সমস্যা | সুপারিশসমূহ | সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | ৩/ জেলা কারাগার, বগুড়ার অংশে ৫০ মি. দৈর্ঘ্যে অবস্থিত অবকাঠামো/গাছপালাসমূহ করতোয়া নদীর ডানতীর থেকে অপসারণ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |
| জনাব মোঃ রেয়াজুল হক<br>উপসচিব (উন্নয়ন অনুবিভাগ)<br>পানি সম্পদ মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | ২৩/০৫/২০২৫ হতে ২৪/০৫/২০২৫ | নাই | ১/ বগুড়া জেলার শহরাংশের প্রকল্পের অবশিষ্ট সকল কাজ নির্ধারিত সময়ের মধ্যে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী সমাপ্ত করতে হবে।<br>২/ বাপাউবো কর্তৃক বাস্তবায়িত সকল কাজ সাইনবোর্ডের মাধ্যমে প্রচারণা করতে হবে। | সুপারিশের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে এবং সাইনবোর্ডের মাধ্যমে প্রচারণা করা হচ্ছে। |
| মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম<br>উপসচিব (পরিকল্পনা)<br>পানি সম্পদ মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | একাধিকবার | নাই | ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | সুপারিশের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। |
| জনাব এ, কে, এম, তাহমিদুল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন)<br>বাপাউবো, ঢাকা। | ১৭/১২/২০২৪ হতে ১৮/১২/২০২৪ | নাই | ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | সুপারিশের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। |
| জনাব এ কে এম তাহমিদুল ইসলাম<br>মহাপরিচালক,<br>বাপাউবো, ঢাকা। | একাধিকবার | নাই | ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | সুপারিশের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। |
| জনাব মোঃ জহিরুল ইসলাম<br>প্রধান প্রকৌশলী<br>উওর পশ্চিমা,বাপাউবো, রাজশাহী। | একাধিকবার | নাই | ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | সুপারিশের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। |
| জনাব মোঃ মুখলেসুর রহমান<br>অতিঃ প্রধান প্রকৌশলী<br>উত্তর পশ্চিমাঞ্চল,<br>বাপাউবো, রাজশাহী। | একাধিকবার | নাই | ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | সুপারিশের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত |

| পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিবীক্ষণের তারিখ | উল্লেখযোগ্য সমস্যা | সুপারিশসমূহ | সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | করা হয়েছে। |
| জনাব মোঃ আরিফুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>বগুড়া পানি উন্নয়ন সার্কেল<br>বাপাউবো,বগুড়া। | একাধিকবার | নাই | ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | সুপারিশের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। |
| জনাব মোঃ নাজমুল হক<br>নির্বাহী প্রকৌশলী<br>বগুড়া পানি উন্নয়ন বিভাগ<br>বাপাউবো,বগুড়া<br>ও<br>প্রকল্প পরিচালক। | একাধিকবার | নাই | ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | সুপারিশের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। |
| গ) অন্যান্য (সুনির্দিষ্টভাবে) | | | | |
| জেলা প্রশাসক,বগুড়া | একাধিকবার | নাই | ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | সুপারিশের আলোকে ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। |
| জনাব শারমিন এস মুরশিদ<br>সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়ক মাননীয় উপদেষ্টা | ২৫/০৮/২০২৫ | নাই | নদী তীরবর্তী বাস্তবায়িত এ কাজের প্রশংসা করেন। এছাড়া তিনি নদী তীরবর্তী অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদপূর্বক বগুড়া শহরাংশে এ ধরনের কাজ বাস্তবায়নে বাপাউবো কর্তৃক দাখিলকৃত "করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য চেষ্টা করবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। এ প্রকল্পের ধারাবাহিকতায় বাপাউবো, বগুড়া কর্তৃক "করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে। বর্তমানে পরিকল্পনা কমিশনে অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। |
| বাপার প্রতিনিধি | একাধিকবার | নাই | নদী তীরবর্তী অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদপূর্বক ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রাখতে হবে। | সুপারিশের আলোকে নদী তীরবর্তী অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদপূর্বক ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রাখা হয়েছে। |

**৩১. প্রকল্প বাস্তবায়নকালে ও সমাপ্তির পর নিরীক্ষণ সংক্রান্ত:**

(ক) অভ্যন্তরীণ নিরীক্ষা:

| ক্রমিক নং | নিরীক্ষা সময়কাল | নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ | পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ) | আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| আলোচ্য প্রকল্পে বাস্তবায়নকালীন ও সমাপ্তির পর অভ্যন্তরীণ কোন আপত্তি নেই। | | | | |
| মোট আপত্তির সংখ্যা ও আপত্তিকৃত টাকার পরিমাণ | | | - | - |

(খ) বহিঃনিরীক্ষা:

| ক্রমিক নং | নিরীক্ষা সময়কাল | নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ | পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ) | আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | ০২/১২/২০২৪ হতে ০৮/১২/২৪ পর্যন্ত। | ০৮/০৫/২০২৫ | অনুচ্ছেদ ৭(১৪) = ১,৪৩,৭৯,৪০৪/- | অনিষ্পন্ন। জবাব প্রেরণ করা হয়েছে। | পর্যবেক্ষণ চলমান। |
| ২ | ০২/১২/২০২৪ হতে ০৮/১২/২৪ পর্যন্ত। | ০৮/০৫/২০২৫ | অনুচ্ছেদ ৭(২৬) = ২৯,৩১,৯২১/- | অনিষ্পন্ন। জবাব প্রেরণ করা হয়েছে। | পর্যবেক্ষণ চলমান। |
| ৩ | ০২/১২/২০২৪ হতে ০৮/১২/২৪ পর্যন্ত। | ২০/০৪/২০২৪ | অনুচ্ছেদ ৪৬ = ৩,১৮,৮৩,২৯১/- | অনিষ্পন্ন। জবাব প্রেরণ করা হয়েছে। | পর্যবেক্ষণ চলমান। |
| ৪ | ০২/১২/২০২৪ হতে ০৮/১২/২৪ পর্যন্ত। | ০৮/০৫/২০২৫ | অনুচ্ছেদ ৪৭ = ১৬,১৪,২৪৩/- | অনিষ্পন্ন। জবাব প্রেরণ করা হয়েছে। | পর্যবেক্ষণ চলমান। |

## ছ. প্রকল্প বাস্তবায়নোত্তর মন্তব্য

**৩২. প্রকল্পের বিষয়ে সাধারণ পর্যবেক্ষণ ও মন্তব্য (নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে):**

**৩২.১.পটভূমিঃ** করতোয়া নদীটি তিস্তা নদীর তিনটি শাখা নদীর অন্যতম এবং সর্বপূর্বে অবস্থিত। অন্যদুটি শাখা আত্রাই ও পুনর্ভবা নামে পরিচিত। ১৭৮৭ সালে সংগঠিত একটি ভয়াবহ বন্যার কারণে তিস্তা নদীর গতিপথ পরিবর্তিত হয়। ফলে তিস্তা নদীটি দক্ষিণ পূর্বদিকে অগ্রসর হয়ে ব্রহ্মপুত্র-যমুনা নদীর সাথে সংযুক্ত হয়। অন্যদিকে তিস্তার শাখাগুলির মুখে অত্যাধিক পলি পতন ঘটে। ফলশ্রুতিতে করতোয়া নদীটি এর পানির মূল উৎস তিস্তা নদী থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। কালের পরিক্রমায় এবং উৎসমুখে পানি প্রবাহ না থাকার কারণে নদীটি আকার ও আয়তনে সংকুচিত হতে থাকে। বর্তমানে নিলফামারী জেলার নিম্নাঞ্চল পর্যন্ত এই নদী সিস্টেমটি দৃশ্যমান। নীলফামারী জেলার সৈয়দপুর ও কিশোরগঞ্জ উপজেলার মধ্যদিয়ে এই নদী সিস্টেমের দুইটি শাখা বর্তমানে চিকলি নদী ও যমুনেশ্বরী নদী নামে প্রবাহমান। রংপুর জেলার বদরগঞ্জ এলাকায় শাখা দুটি একত্রিত হয়ে করতোয়া নামে প্রবাহিত হয়। পরবর্তীতে করতোয়া নদীটি রংপুর, দিনাজপুর, গাইবান্ধা ও বগুড়া জেলার মধ্যদিয়ে প্রবাহিত হয়ে বগুড়া জেলার শেরপুর উপজেলার খানপুর নামক স্থানে বাঙ্গালী নদীর সাথে মিলিত হয়ে করতোয়া নামে প্রবাহমান। এই মিলিত প্রবাহ করতোয়া নদী নামে সিরাজগঞ্জ জেলায় প্রবেশ করে এবং পরবর্তীতে ফুলজোর নাম ধারন করে। ফুলজোর নামে প্রবাহ পথে নদীটি শাহজাদপুর উপজেলায় পুনরায় করতোয়া নাম ধারণপূর্বক আত্রাই-বড়াল সিস্টেমের সাথে মিলিত হয়। মূল নদী তিস্তা হতে বিচ্ছিন্ন হয়ে যাওয়ার কারণে করতোয়া নদীর প্রবাহ মৌসুমি বৃষ্টিপাতের উপর নির্ভরশীল।

১৮২০ সালে সংগঠিত আরও একটি ভয়াবহ বন্যায় গোবিন্দগঞ্জ উপজেলায় করতোয়া নদীর বামতীর ভেঙ্গে কাটাখালী নামক চ্যানেলের মাধ্যমে করতোয়া নদীটি বাঙ্গালী নদীর সাথে সংযুক্ত হয়। উক্ত বন্যায় বগুড়া জেলার শিবগঞ্জ এলাকায় করতোয়া নদীতে প্রচুর পলি পতন ঘটে। ফলে আপার করতোয়া নদীর সিংহভাগ পানি কাটাখালী নদীর মাধ্যমে বাঙ্গালী নদী দিয়ে প্রবাহিত হতে থাকে। এর প্রেক্ষিতে গোবিন্দগঞ্জ উপজেলার চকরহিমপুর নামক স্থান থেকে শিবগঞ্জ ও বগুড়া সদর উপজেলার মধ্যদিয়ে প্রবাহিত লোয়ার করতোয়া নদীটি প্রবাহ কমে যাওয়ায় ধীরে ধীরে একটি শীর্ণকায় ধারায় পরিণত হয়।

১৯৮৮ সালের ভয়াবহ বন্যায় করতোয়া নদীর আপার ক্যাচমেন্ট এলাকার বিশাল জলরাশি লোয়ার করতোয়া নদীতে চলে আসে। যা মৃতপ্রায় নদীটির ধারণ ক্ষমতার চেয়ে অনেক বেশী ছিল। উক্ত জলরাশি বগুড়া শহর এলাকায় বন্যার সৃষ্টি করে। বিধায় বগুড়া শহর এলাকাকে করতোয়া নদীর বন্যার হাত থেকে রক্ষার্থে লোয়ার করতোয়া নদীর পানি প্রবাহ নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা দেখা দেয়। এরই ধারাবাহিকতায় গাইবান্ধা জেলার নুরুল্লার বিল প্রকল্পের আওতায় গোবিন্দগঞ্জ উপজেলার চকরহিমপুর নামক স্থানে লোয়ার করতোয়ার

উৎসমুখে একটি তিন ভেন্ট রেগুলেটর নির্মাণ করা হয়। উক্ত রেগুলেটর নির্মাণের সাথে তৎকালীন অর্থনৈতিক বাস্তবতার নিরীখে ১২৩.০০০ কিঃমিঃ লোয়ার করতোয়া নদী পুনঃখননের কোন সংস্থান ছিল না। ফলে বর্ষা মৌসুম ব্যতীত বছরের অধিকাংশ সময়ই লোয়ার করতোয়া নদীতে কোন পানি প্রবাহ থাকে না। যা নদীটির পলি পতনের ফলে ভরাট হয়ে যাওয়াকে ত্বরান্বিত করেছে। এছাড়া অসাধু মহলের দখল, নদী ভরাট করণ ও দূষণ নদীটির অস্তিত্বকে সংকটাপূর্ণ করে তুলেছে। ফলশ্রুতিতে ঐতিহাসিক এ নদীটি বর্তমানে তার অস্তিত্ব হারিয়ে একটি শীর্ণ খালে পরিণত হয়েছে। তাছাড়া বিভিন্ন এলাকায় চাষাবাদে জমির প্রশস্থতা বৃদ্ধিসহ শহর এলাকায় অবৈধ স্থাপনা নির্মাণের কারণে নদীটি ক্রমান্বয়ে সংকুচিত হয়ে পড়েছে। বগুড়া শহরের প্রাকৃতিক ও পরিবেশগত ভারসাম্য রক্ষার অন্যতম গুরুত্বপূর্ণ আধার এই নদীটি অতীতে ব্যবসা-বাণিজ্যের পথ এবং ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্যকে ধারণ করেছে। বর্তমানে নদীটি তার অতীত ঐতিহ্যকে হারিয়ে বগুড়া শহর এলাকায় একটি ভাগাড়ে পরিণত হয়েছে।

বর্ষা মৌসুমের অধিকাংশ সময়ও এটি মূল স্রোতধারা (আপার করতোয়া-কাটাখালী-বাঙ্গালী) হতে বিচ্ছিন্ন থাকে। কালক্রমে পলি পতন এবং ভূমিকম্প, বন্যা ও বালু ভরাট ও মানুষের বিভিন্ন কর্মকান্ড ইত্যাদি কারণে নদীটির অস্তিত্ব বিলীন হওয়াকে আরো প্রভাবিত করেছে। অত্যাধিক নদী দূষণ, ময়লা আবর্জনা নিক্ষেপ এবং নদীর পাড়ের অবৈধ দখলের মাধ্যমে নদীর ক্ষাতসাধন ত্বরান্বিত হয়েছে।

বগুড়া জেলা শহরের মধ্য দিয়ে করতোয়া নদী প্রবাহিত হয়েছে এর মধ্যে জেলার সবচেয়ে গুরুত্বপূর্ণ স্থাপনা জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, জেলা প্রশাসকের বাংলো ও বগুড়া মহিলা ডিগ্রী কলেজ নদীর তীর ঘেঁষে অবস্থিত। প্রতি বছর দখল, দূষণ ও নদী ভাঙ্গানে উল্লিখিত স্থাপনাসমূহ হুমকির মুখে রয়েছে। এছাড়াও করতোয়া নদী, সুবিল খাল ও অটো খাল পুনঃখননের অভাবে প্রকল্প এলাকায় পানি নিষ্কাশন বাধাগ্রস্থ হওয়ায় জলাবদ্ধতার সৃষ্টি হয়। বর্ণিত সরকারী স্থাপনাসমূহ রক্ষা, দখল দূষণের হাত হতে রক্ষা ও বন্যার পানি নিষ্কাশনকল্পে জেলা প্রশাসক, বাপার প্রতিনিধি ও জনপ্রতিনিধির সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে এবং বর্তমানে মাঠ পর্যায়ে সম্পন্ন করা হয়েছে।

জেলা প্রশাসক, বগুড়া কর্তৃক গঠিত সীমানা নির্ধারণ কমিটি কর্তৃক করতোয়া নদী ও সুবিল খাল/অটো খালের সীমানা নির্ধারণ করে, তত্ত্বাবধয়াক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা/ তত্ত্বাবধয়াক প্রকৌশলী, বগুড়া পানি উন্নয়ন সার্কেল কর্তৃক অনুমোদিত ডিজাইন মোতাবেক পুনঃখনন কাজ বাস্তবায়িত হয়েছে।

প্রকল্পটি সঠিক সময়ে ও কাজের গুণগতমান বজায় রেখে সমাপ্ত হয়েছে। বর্ণিত মাঠ পর্যায়ের বাস্তবায়নাধীন কাজসমূহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সদর দপ্তর ও পরামর্শক প্রতিষ্ঠান Institute of Water modelling (IWM) সমন্বয়ে গঠিত টাস্কফোর্সের মাধ্যমে শতভাগ গুণগত মান ও পরিমাণ যাচাই করা হয়েছে । বর্ণিত করতোয়া নদী পুন:খননসহ প্রকল্পের সকল কাজ জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের প্রত্যক্ষ সুপারভিশনে বাস্তবায়িত হয়েছে। এছাড়া জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির প্রত্যেক সদস্যের উপস্থিতিতে করতোয়া নদীর পুনঃ খননসহ প্রকল্পের সকল কাজ বাস্তবায়ন করা হয়েছে।

"বগুড়া জেলা প্রশাসকের কার্যালয় ও তৎসংলগ্ন এলাকায় করতোয়া নদী পুনঃখনন ও ডান তীরে স্লোপ প্রটেকশন কাজ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় অনুমোদিত ডিজাইনের আলোকে সিএস, আরএস ও বিএস মৌজা ম্যাপ অনুযায়ী বগুড়া শহরাংশে করতোয়া নদীর ২৮ কি.মি., সুবিল খাল-১৯.৫ কি.মি. ও অটোখাল-৭.৫০ কি.মি. মোট ৫৫ কি.মি. পুনঃখনন সম্পন্ন হয়েছে। উল্লেখ্য যে, মূল ডিপিপিতে বগুড়া শহরাংশে করতোয়া নদীর ১৭ কি.মি. পুনঃখনন অন্তর্ভূক্ত ছিল। অনুমোদিত ডিজাইন অনুযায়ী সিএস, আরএস ও বিএস মৌজা ম্যাপে নদীর জমি পর্যাপ্ত না থাকায় ও ডিপিপিতে জমি অধিগ্রহণের সংস্থান না থাকায় করতোয়া নদীর কিছু অংশে অনুমোদিত ডিজাইন অনুযায়ী পুনঃখনন সম্ভব হয়নি, বিধায় উক্ত অংগে অর্থ সাশ্রয় হয়েছিল। দরপত্র থেকে সাশ্রয়, বর্ণিত খনন অঙ্গ থেকে সাশ্রয় ও অন্যান্য সাশ্রয়কৃত অর্থ দিয়ে করতোয়া নদীর উজানে আরো অতিরিক্ত ১১.০০ কি.মি. পুনঃখনন কাজ বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া করতোয়া নদীর ডানতীরে জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন এলাকায় সিএস, আরএস ও বিএস মৌজা ম্যাপ অনুযায়ী সীমানা নির্ধারণ কমিটি কর্তৃক নদী ও খালের নির্ধারণপুর্বক অনুমোদিত ডিজাইন অনুযায়ী ৭৩০ মিটার স্লোপ প্রটেকশনসহ ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্যবর্ধন কাজ বাস্তবায়ন করা হয়েছে। বর্ণিত ৫৫কি.মি. নদী ও খাল খনন কাজ ও ৭৩০ মিটার স্লোপ প্রটেকশন কাজ বাস্তবায়নের সময় নদী ও খালে প্রচুর কচুরীপানা ও নদী/খালের তলদেশে ৩-৪ ফুট পানি কোথাও বেশি পানি থাকায় নদী/খালে ক্রস বাধ দিয়ে পাম্পের সাহায্যে পানি শুকিয়ে ও কচুরিপানা পরিষ্কার করে খননসহ স্লোপ প্রটেকশন কাজ বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে। বর্ণিত কাজ শেষে নদী/খালের বিভিন্ন স্থানে বৃক্ষরোপণ করা হয়েছে। উল্লেখ্য যে, জেলা প্রশাসক, বগুড়ার নির্দেশনায় সিএস, আরএস ও বিএস মৌজা ম্যাপ অনুযায়ী নদীর সীমানার বাইরে সরকারি দপ্তর, বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, ডিসি বাংলো, পৌরসভার জায়গা, মহিলা কলেজের নিজস্ব জায়গায় বর্ণিত সংশ্লিষ্ট দপ্তরসমূহের সম্মতিতে ৭৩০ মিটার স্লোপ প্রটেকশনসহ ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্যবর্ধন (ছাতা, বেঞ্চ, সিঁড়ি, রেলিং, সীমানা প্রাচীর ইত্যাদি) কাজ বাস্তবায়ন করা হয়েছে, বিধায় উক্ত অংশে জমি অধিগ্রহণের প্রয়োজন হয়নি। প্রকল্পের কাজের গুণগতমান ও পরিমাণ বাপাউবো'র টাস্কফোর্স কর্তৃক যাচাই করা হয়েছে। এছাড়া বাপাউবো'র মাঠ দপ্তর, জেলা প্রশাসন, বগুড়া, বাপা'র প্রতিনিধি, পানি সম্পদ মন্ত্রণালয় ও বাপাউবোর্ডের উর্দ্ধতন কর্মকর্তাগণসহ অন্যান্য বিভিন্ন স্তরের কর্মকর্তা/প্রতিনিধি নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করেছেন। প্রকল্পটির বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় প্রকল্প এলাকার জনগণ ইতোমধ্যে সুফল পেতে শুরু করেছে। স্লোপ প্রটেকশনসহ ওয়াকওয়ে নির্মাণ কাজটি জনগণের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে। প্রতিনিয়ত হাজারো পর্যটক ভিড় করছে। পানি উন্নয়ন বোর্ডের সুনাম বৃদ্ধি পেয়েছে। পুরো বগুড়া শহর জুড়ে করতোয়া নদীর উভয়তীরে মাটিডালী থেকে বনানী পর্যন্ত সম্পূর্ণ দৈর্ঘ্যে বর্ণিত স্লোপ প্রটেকশনসহ ওয়াকওয়ে নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য সর্বস্তরের

জনগণ, স্থানীয় প্রশাসন পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ জানিয়েছেন, যা একাধিক প্রিন্ট ও ইলেক্ট্রোনিক মিডিয়ায় প্রকাশিত হয়েছে। এ প্রকল্পের ধারাবাহিকতায় প্রস্তাবিত "করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে।

পুনঃখননকৃত উত্তোলিত মাটি/ড্রেজড ম্যাটেরিয়াল জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটিরি সভার সিদ্ধান্ত মোতাবেক নিলাম করা হয়েছে এবং মাটি বিতরণ কমিটি কর্তৃক জনস্বার্থে মাটি প্রদান করা হয়েছে। "বগুড়া জেলা প্রশাসকের কার্যালয় ও তৎসংলগ্ন এলাকায় করতোয়া নদী পুনঃখনন ডানতীরে স্লোপ প্রটেকশন কাজ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের মোট খননকৃত মাটি/বালির পরিমাণ ৪২৭ লক্ষ ঘন ঘনফুট। এর মধ্যে হতে জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিলামযোগ্য মাটি/বালির পরিমাণ ১৩০ লক্ষ ঘনফুট নির্ধারণ করা হয়। ১২ টি প্যাকেজের মাধ্যমে ১৩০ লক্ষ ঘনফুট মাটি/বালি নিলামে বিক্রয়ের জন্য দরপত্র আহবান করা হয়। তন্মধ্য হতে ৬ টি প্যাকেজে ৭৬.৩৪ লক্ষ ঘনফুট মাটি/বালি নিলামে বিক্রয় হয়। বিক্রয়কৃত মোট অর্থের পরিমাণ ৫৬.২৭ লক্ষ টাকা, যা ইতোমধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৬ টি প্যাকেজের ৫৩.৬৬ লক্ষ ঘনফুট মাটি/বালি পরপর ০৬ (ছয়) বার নিলাম করা হলেও কোন ক্রেতা অংশগ্রহণ করেননি। অবিক্রিত মাটি/বালিসহ অবশিষ্ট মাটি/বালি জনস্বার্থে বিভিন্ন সরকারি/বে-সরকারি প্রতিষ্ঠান/মসজিদ/মাদ্রাসা/মন্দির/ইদগাহ মাঠ ইত্যাদি প্রতিষ্ঠানের নিচু জায়গা ভরাট বাবদ নদীর দু-পার্শ্বে গর্ত ভরাট/ওয়াকওয়ে নির্মাণ/খাস জমি ভরাট/ক্ষতিপূরণ হিসেবে বরাদ্দ প্রদান করা হয়েছে।

জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিলাম অংশ বাদে বর্ণিত প্রকল্পের আওতায় খননকৃত/উত্তোলিত মাটি/বালি (ক) জমির মালিকগণের ফসলের ক্ষতিপূরণ হিসেবে ২০৮.৩৪ লক্ষ ঘনফুট প্রদান করা হয়েছে, (খ) ৭৮ টি বিভিন্ন সরকারি/বে-সরকারি প্রতিষ্ঠান মসজিদ/মাদ্রাসা/মন্দির/ ইদগাহ মাঠ ইত্যাদি প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে নিচু জায়গা ভরাটসহ জনস্বার্থে ৩২.৮৭ লক্ষ ঘনফুট মাটি/বালি প্রদান করা হয়েছে, (গ) নদী/খালের দু-পার্শ্বে পর্যাপ্ত জায়গা না থাকায় তীর থেকে ১কি.মি. এর বেশি দূরে ডাম্প ট্রাকের সাহায্যে পরিবহণ করে ঠিকাদার কর্তৃক ৫৫ কি.মি. নদী/খালের দু-পার্শ্বে গর্ত ভরাট/ওয়াকওয়ে নির্মাণ/খাস জমি ভরাট বাবদ ৬৬.৭৫ লক্ষ মাটি জনস্বার্থে ব্যবহৃত হয়েছে এবং বিরাজিত বাস্তব অবস্থার প্রেক্ষিতে ৪২.৭০ লক্ষ ঘনফুট মাটি অপচয় হিসেবে গণ্য করা হয়েছে।

অত্র দপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, তত্ত্বাবধয়াক প্রকৌশলী, বগুড়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, বগুড়া, প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী, বোর্ডের উর্দ্ধতন কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তা, আইএমডি, পরিকল্পনা কমিশন, বাপাউবো'র টাস্কফোর্স কর্তৃক কাজের গুণগত মান ও পরিমাণ যাচাই করা হয়েছে। এছাড়া জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি, বগুড়া জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, স্টিয়ারিং কমিটির সভা (পিএসসি), প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (পিআইসি), বোর্ড এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের সভায় এডিপি সভায় অগ্রগতি পর্যালোচনাসহ প্রকল্পের কাজ মনিটরিং করা হয়েছে।

**৩২.২ যৌক্তিকতা/পর্যাপ্ততাঃ** বগুড়া শহরের মধ্য দিয়ে প্রবাহিত করতোয়া নদী বর্তমানে মৃতপ্রায়। শহরাংশে দখল ও দূষণে নদীটি জর্জরিত। জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজ ইত্যাদি গুরুত্বপূর্ণ অবকাঠামোসমূহ করতোয়া নদীর ডান তীর ঘেষে অবস্থিত। নদীর স্লোপ প্রটেকশন কাজের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজকে করতোয়া নদীর ভাঙ্গন হতে রক্ষা এবং উক্ত অংশে ওয়াকওয়ে, সিঁড়ি, ছাতা, বসার বেঞ্চ নির্মাণ, ২৮.০০ কিঃমিঃ বগুড়া শহরাংশে করতোয়া নদী পুনঃখননের মাধ্যমে করতোয়া নদীর নাব্যতা ফিরিয়ে আনা, দখল ও দূষণমুক্তকরণ, ২৭.০০ কিঃমিঃ খাল পুনঃখননে প্রকল্প এলাকার বন্যার পানি নিষ্কাশন ইত্যাদি কাজ বাস্তবায়নের নিমিত্ত জেলা প্রশাসক, বাপা'র প্রতিনিধি, স্থানীয় জনগণ বিভিন্ন পর্যায়ের গণমান্য ব্যক্তিবর্গ বর্ণিত কাজসমূহ বাস্তবায়নের সুপারিশ করেছেন। সে মোতাবেক তাদের পরামর্শক্রমে বর্ণিত ডিপিপিটি প্রণয়ন করা হয়েছিল।

গত ২০/০৮/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বগুড়া জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ''বগুড়া জেলা প্রশাসকের কার্যালয় ও তৎসংলগ্ন এলাকায় করতোয়া নদী পুনঃখনন ও ডান তীরে স্লোপ প্রটেকশন কাজ'' শীর্ষক প্রকল্পের ডিপিপিতে করতোয়া নদীর ডান তীরে ৭৩০.০০ মিঃ স্লোপ প্রটেকশন কাজসহ ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্য বর্ধন কাজ, টিএমএসএস সংলগ্ন এলাকা, মাটিডালী হতে বনানী পর্যন্ত বগুড়া শহরাংশে দখল, দুষণ রোধ ও নিষ্কাশন সুবিধা বৃদ্ধিতে করতোয়া নদী ১৭.০০ কিঃমিঃ পুনঃখনন, বগুড়া শহর ও তৎসংলগ্ন এলাকার পানি নিষ্কাশনের নিমিত্ত করতোয়া নদীর শাখা সুবিল খাল (১৯.৫০ কিঃমিঃ) ও অটো খাল (৭.৫ কিঃমিঃ) পুনঃখনন কাজ অন্তর্ভূক্ত করে ডিপিপিটি অনুমোদিত হয়। পরবর্তীতে সাশ্রয়কৃত অর্থ দিয়ে করতোয়া নদীর অতিরিক্ত আরো ১১ কিঃমিঃ পুনঃখনন কাজ অন্তর্ভূক্ত করে বর্ণিত প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়।

**৩২.৩ উদ্দেশ্যঃ**

(১) বগুড়া জেলার সদর উপজেলার ৭৩০ মিটার নদী স্লোপ প্রটেকশন কাজের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়, জেলা কারাগার, বগুড়া জেলা প্রশাসকের বাংলো, বগুড়া মহিলা কলেজকে রক্ষাকরণ;

(২) ২৮ কিঃমি করতোয়া নদী পুঃনখননের মাধ্যমে শহর অংশে করতোয়া নদী পুনরুজ্জীবিত করা; দখল ও দূষণ থেকে করতোয়া নদীকে রক্ষাকরা, বগুড়া শহর অংশে অগ্নি নির্বাপনে পর্যাপ্ত পানি সরবরাহ নিশ্চিত করা, ২৭.০০ কিঃমিঃ খাল পুনঃখননে প্রকল্প এলাকার বন্যার পানি নিষ্কাশন;

(৩) পানি ধারণ ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সেচ সুবিধা বৃদ্ধি ও মৎস্য চাষের উন্নয়ন সাধন।

